# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০২৩

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ২. স্ত্রীলোকদের প্রতি সৎ ব্যবহার - ‘গীলা’র বৈধতা এবং ‘আযল’ এর নিষেধাজ্ঞা

আরবী

وَعَنْ جُذَامَةَ بِنْتِ وَهْبٍ ـرَضِيَ اللَّهُ عَنْهَاـ قَالَتْ: حَضَرْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فِي أُنَاسٍ, وَهُوَ يَقُولُ: «لَقَدْ هَمَمْتُ أَنْ أَنْهَى عَنِ الْغِيلَةِ, فَنَظَرْتُ فِي الرُّومِ وَفَارِسَ, فَإِذَا هُمْ يُغِيلُونَ أَوْلَادَهُمْ فَلَا يَضُرُّ ذَلِكَ أَوْلَادَهُمْ شَيْئًا
ثُمَّ سَأَلُوهُ عَنِ الْعَزْلِ فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ «ذَلِكَ الْوَأْدُ الْخَفِيُّ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (1442) (141) من طريق سعيد بن أبي أيوب، حدثني أبو الأسود، عن عروة، عن عائشة، عن جذامة، به. وقد ضعَّف بعضُهم هذا الحديثَ؛ لتعارضه مع الحديث التالي، ولهم في ذلك علل أشبه بالأوهام حتى قال الحافظ في «الفتح» (9/ 309) في معرض الرد عليهم: «وهذا دفع للأحاديث الصحيحة بالتوهم، والحديث صحيح لا ريب فيه». وانظر ما بعده

বাংলা

১০২৩। জুযামাহ বিনতু ওয়াহাব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, কিছু লোকের মধ্যে আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে উপস্থিত ছিলাম, আর তিনি বলছিলেন, ’আমি অবশ্য তোমাদেরকে ’গীলা’ করার ব্যাপারে নিষেধ করার ইচ্ছা করেছিলাম। তারপর দেখলাম রোম ও পারস্যের লোকেরা ’গীলা’[1] করে থাকে তাতে তাদের শিশু সন্তানদের কোন ক্ষতি করে না। এরপর তাঁকে আযল সম্বন্ধে জিজ্ঞেস করা হলে তিনি বললেন, —এটাতো গোপন শিশু হত্যা![2]

## ফুটনোট

[1] গীলা’ শব্দের অর্থ সন্তানকে দুধ খাওয়ান অবস্থায় স্ত্রীর সঙ্গে সঙ্গম করা। আবার কেউ বলেছেন, যে গর্ভবতী স্ত্রী সন্তানকে দুধ খাওয়াচ্ছে সেই মুহূর্তে তার সঙ্গে সঙ্গম করা।

[2] মুসলিম ১৪৪২, তিরমিযী ২০৭৬, ২০৭৭, নাসায়ী ৩৩২৬, আর দাউদ ৩৮৮২, ইবনু মাজাহ ২০১১, আহমাদ ২৬৪৯৪, ২৬৯০১, মালেক ১২৯২, দারেমী ২২১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জুযামাহ বিনতু ওয়াহাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70834

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন